Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Country Today

CAMPUS CORNER

### Results of 3 research projects of DU presented

DU Correspondent

The results of three researches conducted under the supervision of Dhaka University Chromosome Research Center were presented on Tuesday.

These results were presented in a seminar organized in the auditorium of the Department of Botany. Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan was present as the chief guest on the occasion.

Director of Chromosome Research Center Professor Dr. Professor Muhammad Nurul Islam, Dean of the Faculty of Biology, presided over the ceremony. Md. Akhtar Hossain Khan and Chairman of the Department of Biochemistry and Microbiology Professor Dr. Md. Enamul Haque spoke as special guest. Chairperson of the

Continued to page 2



### Results of 3 research

artment of Microbiology Professor Dr. Shakila Nargis ᵢn, assistant professor of plant science department. Kiswar ᵢan Sinthi and Assistant Professor Abira Khan of partment of Gene Engineering and Biotechnology present- their research results. Teachers and students of various partments participated in the question and answer session in e seminar. Professor of Botany Department. Mihir Lal Saha roposed vote of thanks.

/ice-Chancellor Professor Dr. Niaz Ahmad Khan expressed sincere thanks to the researchers and said that besides reading, conducting basic research is one of the most important tasks of the university. Our teachers are doing this work with utmost sincerity under various constraints and limited budget. Emphasizing on enriching the university through contemporary research work, he said, research centers should play a more active role in this regard.

## The Asian age

### DU unveils scientific research findings

▸ AA Correspondent

The findings from three research programs supervised by the Chromosome Research Center of Dhaka University (DU) were unveiled on Tuesday at a seminar held in the auditorium of Department of Botany in Dhaka University. Dhaka University Vice Chancellor Professor Dr. Niaz Ahmad Khan addressed the seminar as the chief guest, according to a press release.

The seminar was presided over by Professor Dr. Muhammad Nurul Islam, Director of Chromosome Research Center. Professor Dr. Md. Akhter Hossain



Vice Chancellor of Dhaka University Professor Dr. Niaz Ahmad Khan spoke at a seminar hosted by Department of Botany on Tuesday. -AA

Khan, Dean of Biology Faculty and Professor Dr. Md. Enamul Haque, Chairman, Department of Microbiology and Biochemistry spoke at the seminar as special guests.

Professor Dr. Mihir Lal Saha, Department of Botany gave vote of thanks. Students from different departments of Dhaka University joined the seminar, asked questions and received answers from teachers. VC Professor Dr. Niaz Ahmad Khan laid emphasis on comprehensive research initiatives to explore differ-

## ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রোমোজোম রিসার্চ সেন্টারের তত্ত্বাবধানে পরিচালিত ৩টি গবেষণাকর্মের ফলাফল গতকাল উপস্থাপন করা হয়েছে। উদ্ভিদবিজ্ঞান বিভাগের মিলনায়তনে আয়োজিত এক সেমিনার এই ফলাফল উপস্থাপন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি

# দৈনিক বর্তমান

## ঢাবি'র ৩টি গবেষণা প্রকল্পের ফলাফল উপস্থাপন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রোমোজোম রিসার্চ সেন্টারের তত্ত্বাবধানে পরিচালিত ৩টি গবেষণাকর্মের ফলাফল মঙ্গলবার উপস্থাপন করা হয়েছে। উদ্ভিদবিজ্ঞান বিভাগের মিলনায়তনে আয়োজিত এক সেমিনার এই ফলাফল উপস্থাপন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ক্রোমোজোম রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. এনামুল হক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. শাকিলা নার্গিস খান, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. কিশোয়ার জাহান সিঁথি এবং জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের সহকারী অধ্যাপক আবিরা খান নিজ নিজ গবেষণাকর্মের ফলাফল উপস্থাপন করেন। সেমিনারে প্রশ্নোত্তর পর্বে বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশ নেন। উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মিহির লাল সাহা

এরপর পৃষ্ঠা ৭ কলাম ২




ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রোমোজোম রিসার্চ সেন্টারের তত্ত্বাবধানে পরিচালিত ৩টি গবেষণাকর্মের ফলাফল মঙ্গলবার উপস্থাপন করা হয়েছে। উদ্ভিদবিজ্ঞান বিভাগের মিলনায়তনে আয়োজিত এক সেমিনার এই ফলাফল উপস্থাপন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান

## ঢাবি'র ৩টি গবেষণা

ধন্যবাদ জ্ঞাপন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গবেষকদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, পঠন-পাঠনের পাশাপাশি মৌলিক গবেষণাকর্ম পরিচালনা করা বিশ্ববিদ্যালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। বিভিন্ন সীমাবদ্ধতা ও সীমিত বাজেটের মধ্যে আমাদের শিক্ষকগণ অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এই কাজটি করে চলেছেন। যুগোপযোগী গবেষণাকর্মের মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে সমৃদ্ধ করার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, এক্ষেত্রে গবেষণাকেন্দ্রগুলোকে আরও সক্রিয় ভূমিকা পালন করতে হবে। আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে সম্মানজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে গবেষণাকর্মসমূহ বৈশ্বিক পরিমণ্ডলে যথাযথভাবে তুলে ধরার জন্য তিনি শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অধ্যাপক ড. শাকিলা নার্গিস খান রাসায়নিক কীটনাশক ব্যবহারের পরিবর্তে পরিবেশবান্ধব উপায়ে জীবাণু থেকে উৎপন্ন টক্সিনের সাহায্যে এডিস মশা নিয়ন্ত্রণের বিষয়ে গবেষণা করেন। উৎপন্ন এই টক্সিন ৬-৮ ঘন্টার মধ্যে এডিস মশার লার্ভা নিধন করতে সক্ষম। এটি ডেঙ্গু নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা রাখবে বলে গবেষক আশাপ্রকাশ করেন।

ড. কিশোয়ার জাহান সিঁথি জিঙ্ক-ফর্টিফাইড ধানের প্রজাতির উপর জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব নিয়ে গবেষণা করেন। ধানের উৎপাদন বৃদ্ধিতে এই গবেষণাকর্ম সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

আবিরা খান অটোইমিউন রোগসমূহের জিনগত কার্যকরণ অনুসন্ধানে গবেষণা করেন। হাশিমোটো থাইরয়েডাইটিস রোগ নিয়ন্ত্রণে এই গবেষণাকর্ম ভূমিকা রাখবে বলে গবেষক প্রত্যাশা করেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৮ কার্তিক ১৪৩১

DU in Media

13 November 2024

## দৈনিক বর্তমান



# শতবর্ষ বৃত্তি পেলেন ঢাবি'র ৪১ শিক্ষার্থী

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৪১জন মেধাবী শিক্ষার্থীকে 'কলা অনুষদ শতবর্ষ ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন কনফারেন্স রুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সঞ্চালন করেন। এসময় অনুষদের সাবেক ডিনবৃন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৃত্তিপ্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, এ বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা মেধার স্বীকৃতি পেয়েছে। এতে শিক্ষার্থীরা লেখাপড়ায় আরও উৎসাহিত ও অনুপ্রাণিত হবে। তিনি বলেন, কলা ভবনের ইতিহাস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস এবং দেশ ও জাতির ইতিহাস একসূত্রে গাঁথা। কলা অনুষদের গৌরবময় ইতিহাস স্মরণে রেখে শিক্ষার্থীদের সমাজের জন্য কাজ করতে হবে।

বৃত্তি প্রাপ্তরা হলেন— বাংলা বিভাগের মহিবুল্লাহ খান রাব্বি, শারমিন শান্তি ও কবিতা আক্তার মিম, ইংরেজী বিভাগের ফারিয়া আক্তার ফিমা, মোছা. সুমনা খাতুন ও নাইমুর রহমান, আরবি বিভাগের আরিফুর রহমান, মো. ইমরান হোসেন ও মুন্তাসির আহমাদ মুয়াজ, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের বৃষ্টি আক্তার ও মনিরুল শেখ, উর্দু বিভাগের মনিষা খাতুন ও মো. হাবিবুল্লাহ মুসকান, সংস্কৃত বিভাগের আসমাউল হোসনা আশা ও মো. মাহমুদুল হাসান, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের বৃষ্টি বড়ুয়া ও কনিকা রানী রায়, ইতিহাস বিভাগের মো. হাসিবুর রহমান শুভ, মো. আব্দুস সালাম ও সামিয়া তাসনিম সুভী, দর্শন বিভাগের অন্তরা দে, ফয়সাল আহাম্মদ ভূইয়া ও মো. ইমাম হোসেন, ইসলামিক স্টাডিজ বিভাগের মিস সিনথিয়া পারভীন, পিংকি বেগম ও হৃদয় বেপারী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শাহাজাদী রত্না, আব্বাস আলী সাবিদ ও সুলতান আহমেদ, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের মো. নাজিম উদ্দীন ও স্বপ্না আক্তার, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের তাহিয়া তাসনিম ও জয়া কস্তা, ভাষা বিজ্ঞান বিভাগের নুসরাত জাহান ও সৌরভ বসু, সংগীত বিভাগের অর্পিতা পাত্র মালতী ও নুরেজান্নাত আফরিস, বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের অত্রি ভট্টাচার্য্য হিয়া ও ফারহানা আক্তার এবং নৃত্যকলা বিভাগের আমিনা আখতার ও সাবরিনা মেহজাবিন পারিশা।

# The Bangladesh Today




**Faria Rouf Riya gets ISRT Golden Jubilee Award this year. DU VC Prof Dr Niaz Ahmed Khan was present as the chief guest in the handing over ceremony.** **Photo : Courtesy**

# ভোরের কাগজ




স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের (আইএসআরটি) মাস্টার্সের শিক্ষার্থী ফারিয়া রউফ রিয়া 'আইএসআরটি সুবর্ণজয়ন্তী পদক-২০২৪' লাভ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীর হাতে পদক ও সনদ তুলে দেন। বিজ্ঞপ্তি

# আমার সংবাদ




## ঢাবি আইএসআরটি সুবর্ণজয়ন্তী পদক পেলেন ফারিয়া রউফ রিয়া

স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের (আইএসআরটি) মাস্টার্সের শিক্ষার্থী ফারিয়া রউফ রিয়া 'আইএসআরটি সুবর্ণজয়ন্তী পদক-২০২৪' লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল মঙ্গলবার ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীর হাতে পদক ও সনদ তুলে দেন।

ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. তামান্না হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ইনস্টিটিউটের অধ্যাপক ড. মো. ইশরাত রায়হান স্বাগত বক্তব্য দেন। এ সময় ইনস্টিটিউটের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান পদকপ্রাপ্ত শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, তার এই অর্জন অন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করবে। অত্যাধুনিক গবেষণার মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম ছড়িয়ে দেয়ার জন্য তিনি মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে আন্তঃসম্পর্ক উন্নয়ন 'ও সম্প্রীতি বজায় রাখার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। -বিজ্ঞপ্তি

# The Country Today




## Week-long annual art exhibition begins at DU

**DU Correspondent**

The week-long 'Annual Artwork Exhibition' (11 November 2024) began on Monday at Zainul Gallery, Faculty of Arts, Dhaka University.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmad Khan inaugurated this exhibition as the chief guest in a function. Prizes were awarded to 5 students for the best art work in the event.

Dhaka University Treasurer Professor Dr. Mohammad Jahangir Alam Chowdhury and the Dean of Fine Arts Faculty. Azaharul Islam Sheikh was present as a special guest on the occasion. Professor Lala Rukh Salim of Sculpture Department, Professor AAM Kawsar Hasan and Departmental Chairman Associate Professor Nasimul Khabir spoke.

Vice-Chancellor congratulated the students who **Continued to page 2**

## Week-long annual art

participated in the annual art exhibition. He said that art has its own language, which carries the message of social change. So it is our duty to keep the industry alive. Mentioning that the July Memorial Corner will be set up in Dhaka University, he said that there will be art works related to the July-August student uprising. The Vice-Chancellor mentioned that the suggestions of teachers and students of the Faculty of Fine Arts will be taken to enrich this corner.

This exhibition will continue till Sunday, November 17, 2024. The exhibition will be open to all from 11 am to 7 pm daily.